# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ হায়াতুন্নবী বা রাসুলুল্লাহ ﷺ-এর ওফাত পরবর্তী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩৯. তিনি মীলাদের মাহফিলে উপস্থিত হন

আব্দুল হাই লাখনবী বলেন: প্রচলিত আরেকটি জাল ও মিথ্যা কথা:

يَحْضُرُ ﷺ بِنَفْسِهِ فِيْ مَجَالِسِ وَعْظِ مَوْلِدِهِ عِنْدَ ذِكْرِ مَوْلِدِهِ وَبَنَوْا عَلَيْهِ الْقِيَامَ عِنْدَ ذِكْرِ الْمَوْلِدِ تَعْظِيْماً وَإِكْرَاماً

"মাওলিদের ওয়াযের মাজলিসে তাঁর মাওলিদ বা জন্মের কথা উল্লেখের সময় তিনি নিজে সেখানে উপস্থিত হন। এ কথার উপরে তারা তাঁর মাওলিদের বা জন্মের কথার সময় সম্মান ও ভক্তি প্রদর্শনের জন্য কিয়াম বা দাঁড়ানোর প্রচলন করেছে।"[1]

উপরের দুটি কথাই সনদহীন, ভিত্তিহীন, বানোয়াট ও মিথ্যা কথা। উপরন্তু এ কথা উপরে আলোচিত সহীহ হাদীসগুলোর সুস্পষ্ট বিরোধী।

## ফুটনোট

[1] আব্দুল হাই লাখনবী, আল-আসার, পৃ. ৪৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4832

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন